

২০২১

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : GE/CC-2

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, ছন্দ ও অলংকার)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মধ্যভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস রেখাচিত্র সহযোগে বিবৃত করো। ১০
অথবা,
(খ) আদি-মধ্য বাংলা ভাষার কালসীমা ও নিদর্শনের উল্লেখ করে এই পর্বের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ২+২+৬
- ২। (ক) যে-কোনো দুটি বিষয় উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫+৫
যতি, পর্ব, পদ, পঙক্তি।
অথবা,
(খ) উদাহরণসহ কলাবৃত্ত/মাত্রাবৃত্ত/ধ্বনিপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। ১০
- ৩। (ক) যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। ৫+৫
ছেকানুপ্রাস, বক্রোক্তি, উৎপ্রেক্ষা, ব্যতিরেক।
অথবা,
(খ) রূপক অলংকার কাকে বলে? রূপক কয়প্রকার ও কী কী? যে-কোনো দুটি রূপক অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো। ২+২+(৩+৩)
- ৪। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) শ্রীকৃষ্ণকীর্তনের দৃষ্টান্তসহ আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ৫

Please Turn Over

- ৫। যে-কোনো একটি কাব্যংশের ছন্দোলিপি নির্ণয় করো (পর্ব, পদ, পঙ্ক্তি, লয়, মাত্রা ও রীতির উল্লেখ করতে হবে)। ৫×১
- (ক) নন্দপুর চন্দ্র বিনা বৃন্দাবন অক্ষকার,
চলে না চল মলয়ানিল বহিয়া ফুল গন্ধ ভার।
- (খ) কৃষ্ণকলি আমি তারেই বলি
কালো তারে বলে গাঁয়ের লোক
মেঘলা দিনে দেখেছিলাম মাঠে—
কালো মেয়ের কালো হরিণ চোখ।
- ৬। যে-কোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো। ৫×১
- (ক) অতি বড়ো বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ
কোন গুণ নাই তার কপালে আগুন।
- (খ) শুনতেছি আজো আমি প্রাতে উঠিয়াই
‘আয় আয়’ কাঁদিতেছে তেমনি সানাই।
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১
- (ক) সাহিত্যিক প্রাকৃত
- (খ) অমিত্রাক্ষর ছন্দ
- (গ) শ্লেষ।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) মধ্যভারতীয় আর্য ভাষার দুটি প্রাকৃতের নাম বলো।
- (খ) অপভ্রংশের অব্যবহিত পরবর্তী স্তরটির নাম কী?
- (গ) বাংলা ভাষার উদ্ভবের মূলে স্থিত প্রাচীন ভাষাংশের নাম কী?
- (ঘ) কোন শ্রেণির প্রাকৃত-কে বাংলা ভাষার জননী বলা যায়?
- (ঙ) চর্যাপদ ছাড়া প্রাচীন বাংলা ভাষার অপর একটি নিদর্শনের উল্লেখ করো।
- (চ) কার, কোন কাব্যে প্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রয়োগ দেখা যায়?
- (ছ) ‘মিশ্রকলাবৃত্ত’ ছন্দের অপর নামগুলি লেখো।
- (জ) বাংলার কোন ছন্দ ছড়ার ছন্দ রূপে পরিচিত?
- (ঝ) বাংলা ছন্দে লয় কয়প্রকার ও কী কী?
- (ঞ) ‘মধুসূদন’ শব্দের দল বিশ্লেষণ করো।

- (ট) কাব্যরচনায় অলংকারের মূল ভূমিকা কী?
- (ঠ) দৃষ্টান্ত দিয়ে দেখাও কোন অনুপ্রাসে স্বরধ্বনির গুরুত্ব স্বীকৃত?
- (ড) উপমার প্রকারভেদগুলি উল্লেখ করো।
- (ঢ) “কোথা হা হস্ত, চির বসন্ত, আমি বসন্তে মরি” — এখানে কোন্ অলংকার-এর প্রয়োগ ঘটেছে ব্যাখ্যাসহ লেখো।
- (ণ) “ধরণী এগিয়ে আসে, দেয় উপহার। / ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার!” — এখানে কোন্ অলংকারের প্রয়োগ ঘটেছে ব্যাখ্যাসহ জানাও।
-